দর্শনায় ধানের শীষের অফিসসহ দুইটি দোকান ও দর্শনা সরকারী কলেজে চার দফায় দুঃসাহসিক চুরি

আলোর নীচে অন্ধকার। দর্শনা থানার ১শ থেকে ২শ ফিট এর মধ্যে ৭টি চুরির ঘটনা ঘটেছে। গত রবিবার রাতে দর্শনা চটকাতলায় ইসলাম বাজারের আজগার আলীর ছেলে আজাদ আলীর দোকানের সামনের তালা ভেঙ্গে গভীর রাতে নগদ ১০ হাজার টাকা, মোবাইলের কার্ড, ১০ হাজার সিগারেটসহ প্রায় ৬০ হাজার টাকার মালামাল চুরি হয়ে গেছে।

এছাড়া একই স্থানে গত পরশু রবিবার চটকাতলায় ছোট একটি হোটেলের তালা ভেঙ্গে প্রবেশ করে একটি ব্যাটারী, খুনতা, গামলা, তালা বাসন ও প্রয়োজনীয় প্রায় ৫ হাজার টাকার মালামাল চুরি হয়ে গেছে। ঐ একই রাতে চটকাতলায় ধানের শীষের অফিসে সার্চ লাইট ও ৬০ গজ বৈদ্যুৎতিক তার চুরি হয়েছে। এছাড়া দর্শনা সরকারী কলেজে পরপর ৪ দিন ৪ দফায় চুরির ঘটনা ঘটেছে।

এছাড়া দীর্ঘদিন ধরে দর্শনা কলেজ পাড়ায় একের পর চুরি ঘটে চললেও এর কোনো প্রতিকার পাচ্ছে না বলে জানান, ভুক্তভোগীরা।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত অফিসার্স ইনচার্জ সুলতান মাহমুদের চুরির ঘটনার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, এরা সব হিরোখোর, আমরা বাবু ও শাহিনসহ ৩জনকে গ্রেফতার করেছি। আমরা চুরির সাথে জড়িতদের গ্রেফতারের চেষ্টা করছি।

দর্শনায় এক গৃহবধূর গলায় ফাঁস দিয়ে আত্যাহত্যা

দর্শনার শ্যামপুর গ্রামে পারিবারিক কলহের জের ধরে সিলিং ফ্যানের সাথে ওড়না দিয়ে গলায় ফাঁস লাগিয়ে তন্নি (২২) নামের এক গৃহবধূ

আত্যাহত্যা করেছে।

নিহত তন্নি দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের সবুজ আহম্মেদের মেয়ে। গত রবিবার রাতে ভাড়া বাড়িতে এ ঘটনা ঘটায়।নিহতের পারিবারিক ও পুলিশ সূত্রে জানা যায়, গত ৮ বছর আগে বিয়ে হয় একই গ্রামের দর্শনা বিজিবি ক্যাম্পের সামনে নজুর ছেলে সজিব মিয়ার সাথে।

সংসারে অভাব অনাটনে সজিব পাড়ি জমায় সৌদি আরব।সজিব এর মধ্যে দুইবার বাড়ি এসেছে। বাড়ি এসে বাসা ভাড়া নিয়ে সংসার করছিলো। হঠাৎ করে কি হলো কেউ বলতে পারছে না।

গত শনিবার রাতে ভাড়া বাড়ির ২য় তলায় ঘরের দরজা আটকিয়ে সিলিং ফ্যানের সাথে গলায় দড়ি দিয়ে আত্যাহত্যা করে। পরে মেয়ের বাপ সবুজ আহম্মেদ মোবাইলে ফোন দেয় রিং আর ধরে না। পরে সন্দেহ হলে মেয়ের বাপসহ স্থানীয় লোকজন নিয়ে দরজা ভেঙ্গে তন্নির ঝুলন্ত মরাদেহ বের করে।

পরে খবর পেয়ে দর্শনা ও জীবননগর থানার সার্কেল আনোয়ারুল কবির ঘটনাস্থল পরির্দশন করেন। এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আমি শুনেছি তবে দুই পরিবারের কোনো অভিযোগ না থাকায় পারিবারিক জিম্মায় দিয়ে দিয়েছি। তবে এ ঘটনায় দর্শনা থানায় একটি ইউডি মামলা হয়েছে।

দর্শনা সীমান্তে বিজিবির আহ্বানে অধিনায়ক পর্যায়ে বিএসএফের সাথে সৌজন্য সাক্ষাৎ ও পতাকা বৈঠক

দর্শনা সীমান্তে বিজিবির আহ্বানে অধিনায়ক পর্যায়ে বিএসএফের সাথে সৌজন্য সাক্ষাৎ ও পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন

(৬বিজিবি)এর অধীনস্থ দর্শনা আইসিপি দায়িত্বপূর্ণ সীমান্ত মেইন পিলারের ৭৬ এর নিকট বাংলাদেশের অভ্যন্তরে জয়নগর মাঠ নামক স্থানে এ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে বাংলাদেশের অভ্যন্তরে জয়নগর মাঠ নামক স্থানে বিষায়োক্ত সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

উক্ত সাক্ষাতে বিজিবির পক্ষে নেতৃত্ব দেন ৬-বিজিবি এর অধিনায়ক লেঃ কর্নেল মোঃ নাজমুল হাসান পদাতিক, উপ-অধিনায়ক মেজর তোয়াসীন হাবীব হাসান ও এডি মোঃ রাজ মামুহুদ সাথে ০৬ জন এবং প্রতিপক্ষে ৩২ বিএসএফ ব্যাটেলিয়নের সীমা নগর এর কমান্ডেন্ট সুজিত কুমারের নেতৃত্বে ৬ জন বিএসএফ অংশ নেয়।

এ সৌজন্য সাক্ষাৎকারে সর্বপ্রথম উভয়পক্ষের কুশলাদি বিনিময় করেন পরবর্তীতে উক্ত সৌজন্য সাক্ষাতে উভয় দেশের সীমান্ত সুরক্ষার লক্ষ্যে অবৈধ সীমান্ত অতিক্রম ও চোরাচালান প্রতিরোধ করা, সীমান্তে কোন প্রকার হত্যা জনিত ঘটনা না ঘটে, সীমান্তে টহল তৎপরতা বৃদ্ধি এবং গোয়েন্দা নজরদারি কার্যক্রম অব্যাহত রাখা এবং সীমান্ত এলাকায় সিভিল জনসাধারণের উপর অনাকাঙ্খিত ফায়ার না করা, এতে বিএসএফ কমান্ডার এক মত পোষণ করেন, আসন্ন নির্বাচনে যাতে কোনো প্রকার অস্ত্র ও গোলাবারুদ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করতে না পারে সেজন্য উভয় দেশে সতর্কতা থাকার জন্য অনুরোধ করেন।

পরিশেষে উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে সুসম্পর্ক বজায় রাখার ব্যাপারে আলোচনা করা হয়। অতঃপর উক্ত সৌজন্য সাক্ষাৎ সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে শেষ হয়।

দর্শনায় ইটভাটার শ্রমিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর গণসংযোগ

চুয়াডাঙ্গার দর্শনায় পাঁচটি ইটভাটার শ্রমিকদের সঙ্গে নির্বাচনী গণসংযোগ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য প্রার্থী রুহুল আমিন। তিনি দাঁড়িপাল্লা প্রতীকে ভোট প্রার্থনা

করেন।

শনিবার (২৪ জানুয়ারি) সকাল ৭টা থেকে ১০টা পর্যন্ত দর্শনা পৌর এলাকার পাঁচটি ইটভাটায় কর্মরত সাধারণ শ্রমিকদের সঙ্গে সরাসরি গণসংযোগ করেন তিনি। এ সময় শ্রমিকদের সঙ্গে মতবিনিময় করেন এবং ভোট ও দোয়া প্রার্থনা করেন।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, সুপ্রিম কোর্টের আইনজীবী রকেট শাহজাহান, অ্যাডভোকেট আসাদুল্লাহ, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ এবং দর্শনা পৌরসভার আমির শাহিকুল আলম অপু প্রমুখ।

দর্শনায় পোলিং এজেন্টদের প্রশিক্ষণ দিলেন ধানের শীষের প্রার্থী বাবু

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-২ আসনের পোলিং এজেন্টদের নিয়ে এক নিবিড় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১টায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানা ও পৌর এলাকার পোলিং এজেন্টদের নিয়ে দর্শনা অংকুর আদর্শ বিদ্যালয় প্রাঙ্গণে এই কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনে ধানের শীষ প্রতীকের মনোনীত প্রার্থী ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু নিজে উপস্থিত থেকে এই প্রশিক্ষণের উদ্বোধন করেন এবং এজেন্টদের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত এজেন্টদের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ কার্যক্রম এবং ভোটকেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে বিশদ ধারণা দেওয়া হয়। নির্বাচনের দিন একজন পোলিং এজেন্টের দায়িত্ব, ভোট গণনার সময় সতর্কতা এবং আইনগত

বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন বক্তারা।

কর্মশালায় প্রধান ট্রেনার হিসেবে উপস্থিত ছিলেন মাহমুদ হাসান খান বাবুর নির্বাচনী প্রধান এজেন্ট ড. আব্দুস সবুর। তিনি পোলিং এজেন্টদের করণীয় ও বর্জনীয় বিষয়গুলো নিয়ে সুনির্দিষ্ট গাইডলাইন প্রদান করেন।

ড. সবুর বলেন, “ভোটের দিন প্রতিটি কেন্দ্রে এজেন্টদের অতন্দ্র প্রহরীর মতো দায়িত্ব পালন করতে হবে যাতে জনগণের ভোটের সঠিক প্রতিফলন ঘটে।”

প্রশিক্ষণ কর্মশালায় সহকারী ট্রেনার হিসেবে দায়িত্ব পালন করেন জেলা কৃষকদলের আহ্বায়ক মোকাররম হোসেন। তিনি হাতে-কলমে নির্বাচনী ফর্ম পূরণ ও কারিগরি বিষয়গুলো এজেন্টদের বুঝিয়ে বলেন।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও ধানের শীষের প্রার্থী মাহমুদ হাসান খান বাবু তার বক্তব্যে বলেন,”সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে পোলিং এজেন্টদের ভূমিকা অপরিসীম। কেন্দ্রে কোনো প্রকার অনিয়ম হতে দেওয়া যাবে না। সাহসের সাথে আইন অনুযায়ী আপনাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করতে হবে।”

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে দর্শনা থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত সহ চুয়াডাঙ্গা জেলা ও স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় দর্শনা থানার বিভিন্ন ইউনিয়নের কয়েকশ পোলিং এজেন্ট অংশগ্রহণ করেন। সংশ্লিষ্টরা মনে করছেন, এই প্রশিক্ষণের মাধ্যমে ধানের শীষের কর্মীরা নির্বাচনী মাঠে আরও দক্ষ ও সজাগ ভূমিকা পালন করতে পারবেন।

দর্শনায় চাঞ্চল্যকর চুরির মামলায় প্রধান আসামীসহ

গ্রেফতার ৩

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে চাঞ্চল্যকর চুরি মামলায় প্রধান আসামীসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

গতকাল শুক্রবার দুপুরে দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসানের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার শান্তিপাড়ায়। এ সময় দর্শনা থানা পুলিশ চাঞ্চল্যকর চুরি মামলার প্রধান আসামী শান্তিপাড়ার জয়নাল আবেদীনের ছেলে রাশেদ মিয়া ওরফে বাবু(২৮) দর্শনা দক্ষিণচাঁদপুর বাসস্ট্যান্ডপাড়ার রুহুল আমীনের ছেলে হাসানুজ্জামান হাসান(৩০),ও তিতুদহ গ্রামের মহিউদ্দীনের ছেলে (২) মোঃ বিপ্লব হোসেনকে (২৫) নিজ নিজ বাড়ি থেকে গ্রেফতার করে।

এদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা দর্শনা থানায় জিআর-১৮১/১৩, প্রসেস নং- ২৬৭/২৪ এবং দর্শনা থানা এলাকার বিভিন্ন চাঞ্চলকর চুরি মামলা রয়েছে। গতকালই তাদেরকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে জামায়াত প্রার্থীর মতবিনিময়

হাট-ঘাট, বিল-বাঁওড় দখল করে ব্যক্তিগতভাবে সম্পদশালী হওয়ার রাজনীতি আমরা করি না এবং করিওনি। আমরা চাই একটি দুর্নীতিমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ গড়তে, যেখানে সাধারণ মানুষের ন্যায্য অধিকার নিশ্চিত হবে” এমন মন্তব্য করেছেন চুয়াডাঙ্গা-২ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও আইনজীবী রুহুল আমিন।

বৃহস্পতিবার (২২ জানুয়ারি) সকাল ১১টায় চুয়াডাঙ্গা দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

রুহুল আমিন বলেন, আপনাদের চাওয়া আর আমার চাওয়ার মধ্যে কোনো

পার্থক্য নেই। যখন দুই পক্ষের লক্ষ্য এক হয়, তখন সফলতা আসবেই ইনশাল্লাহ। আমরা দেশ থেকে দালালমুক্ত রাজনীতি প্রতিষ্ঠা করতে চাই। দালালনির্ভর ও লুটপাটনির্ভর রাজনীতি বন্ধ করা জরুরি। জনগণের ভোটাধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা ফিরিয়ে দেওয়াই আমাদের প্রধান অঙ্গীকার।

তিনি আরও বলেন, গত ১৭ বছরে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় প্রকৃত কোনো টেকসই উন্নয়ন হয়নি। হয়েছে ব্যক্তি উন্নয়ন। কেউ কেউ সাধারণ মানুষের রক্ত চুষে খেয়ে রাজপ্রাসাদ গড়েছে, কিন্তু সাধারণ মানুষের ভাগ্যের কোনো পরিবর্তন হয়নি।

একটি প্রবাদ উল্লেখ করে তিনি বলেন, ঘটি-বাটি পরে গাধা হাসে যারা নিজেরাই ব্যর্থ, তারাই আজ বড় বড় উন্নয়নের কথা বলে। জনগণ এখন সচেতন, তারা আর প্রতারণায় বিশ্বাস করবে না।

রুহুল আমিন বলেন, আমরা ক্ষমতার রাজনীতি নয়, সেবার রাজনীতি করতে চাই। ন্যায়বিচার, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে মানবিক সমাজ গড়াই জামায়াতে ইসলামীর লক্ষ্য।

মতবিনিময় সভায় জেলা জামায়াতের নায়েবে আমীর হাফিজুর রহমান, সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, দর্শনা পৌর আমীর সাহিকুল আলম অপু, জাহিদুল ইসলামসহ দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

দর্শনা বালিকা বিদ্যালয়ের আয়োজনে পিঠা উৎসব

দর্শনা বালিকা বিদ্যালয়ের আয়োজনে পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত পিঠা উৎসব চলে। সকাল সাড়ে ১১টায় পিঠা উৎসবের উদ্বোধন করেন, পিঠা উৎসবের প্রধান অতিথি দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি শফিকুল ইসলাম সাবু তরফদার। সভাপতিত্ব করেন, দর্শনা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক

হুমায়ন কবির।

পিঠা উৎসবে পিঠার পরসা সাজিয়ে ১১টি স্টলের মধ্যে ১ম স্থান অর্জন করে ঘ্রাণের ভেলা, পিঠার মেলা পিঠা ঘর। এ পিঠা উৎসবে বিদ্যালয়ের ছাত্রীদের উদ্যোগে ১১টি স্টল অংশ নেয়। পিঠা উৎসবে অতিথি হিসাবে উৎসবের স্টলগুলো পরিদর্শন করেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক দর্শনা সরকারী কলেজের সাবেক জিএস এনামুল হক শাহ মুকুল, দর্শনা পৌর সাবেক মেয়র শরীফ উদ্দিন, ইকবাল হোসেন, শিক্ষক নাহারুল ইসলাম, মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আবু সাঈদ ও দর্শনা পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু সুলতান।

পিঠা উৎসব শেষে পিঠা উৎসবে অংশগ্রহণকারী স্টলগুলোর মধ্যে পুরুস্কার বিতরণ করেন, দর্শনা বালিকা বিদ্যালয়ের সভাপতি শফিকুল ইসলাম সাবু তরফদার ও দর্শনা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ন কবির। পিঠা উৎসবের অনুষ্ঠান পরিচালনা করেন, শিক্ষক হাসমত আলী।

দর্শনায় বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা ও পুরুস্কার বিতরণী

দর্শনা সরকারী কলেজের আয়োজনে তিনদিনব্যাপী বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ১৯-২১ জানুয়ারী ৩দিনব্যাপী ক্রীড়া অনুষ্ঠানের পুরুস্কার বিতরণ করা হয় গতকাল বুধবার। ২০টি ইভেন্টে ৬০ জন ছাত্র/ছাত্রী পুরুস্কার অর্জন করে।

এছাড়া শিক্ষকদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ ও ছাত্রদলের আয়োজনে স্বাক্ষর বোর্ডে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার উপর ছাত্র/ছাত্রীরা স্বাক্ষর করে। এ স্বাক্ষরের মধ্যে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার মধ্যে দর্শনা কলেজ চত্বর এলাকায় ছাত্র/ছাত্রী হোষ্টেল ও শিক্ষক আবাসিক ভবন নিমার্ন, একটি মসজিদ, কলেজের সুন্দর পরিবেশ সৃষ্টি করা ও বহিরাগতদের অবাদ চলাচল বন্ধসহ

নানা সমস্যার কথা তুলে ধরে। আগামী জাতীয় সংসদ সদস্য মাহামুদ হাসান খান বাবু যদি নিবার্চিত হলে এ সকল সমস্যা সমাধানের দাবী করে ছাত্র/ছাত্রীরা।

এ সকল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শিক্ষক সমিতির সভাপতি লিহাজ উদ্দিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম।

এছাড়া অন্যান্য শিক্ষক বৃন্দ উপস্থিত থেকে গতকাল ক্রীড়া অনুষ্ঠানে অংশ গ্রহণকারী বিজয়ী ছাত্র/ছাত্রীদের মধ্যে পুরুস্কার তুলে দেন দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বাংলা বিভাগের প্রভাষক মুকুল হোসেন।

দর্শনায় মাদ্রাসা ও এতিমখানায় শিশুদের মাঝে কম্বল বিতরণ

প্রচন্ড শীতের প্রকোপে সারাদেশ সহ দর্শনা ও পার্শ্ববর্তী অঞ্চলের অবস্থা চরম নাজেহাল৷ দেশের সর্ব্বনিন্ম তাপ মাত্রার রেকর্ডে চুয়াডাঙ্গা জেলা এবারো স্থান করে নিয়েছিলো কয়েকবার।

সাবেক বিমান বাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল এ জি মাহমুদ ও তার সহধর্মিণীর সেবা মূলক প্রতিষ্ঠান “মাহামুদ মায়া তাকওয়া ওয়েলফেয়ার ট্রাস্টে”র অর্থায়নে গতকাল মঙ্গলবার সকালে চুয়াডাঙ্গা জেলার দর্শনা রুদ্রনগর দারুল কোরআন মাদ্রাসায় ও এতিমখানায় শিশুদের মাঝে কম্বল বিতরণ করেন৷

এছাড়াও হাউলি ইউনিয়নের লোকনাথপুরে দরিদ্র কৃষি শ্রমিকদের মাঝে দুপুরে কম্বল বিতরন করেন। ইতোপূর্বে, গত ১-৭ জানুয়ারি বুয়েটে-৮৭ ফাউন্ডেশনের সহায়তায় চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌর এলাকা, তিতুদহ ইউনিয়ন, বেগমপুর ইউনিয়নের হিজলগাড়ী ও মহেশপুর উপজেলার এসবিকে ইউনিয়নে হতদরিদ্র মানুষের মাঝে গণমাধ্যম কর্মী আব্দুস সামাদ আজাদ বিপুর উদ্যোগে শীতবস্ত্র বিতরণে করা হয়।